



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/23/2021

গভর্নর ক্যাথি হোকল

কারারুদ্ধ ব্যক্তিদের মধ্যে মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার বিষয়ে বার্ষিক প্রতিবেদন
আবশ্যিক করে গভর্নর হোকলের বিল স্বাক্ষর

**আইন (S2209/A540) অনুযায়ী অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of
Addiction Services and Supports) এর জন্য মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার
সংশোধনমূলক চিকিৎসার জন্য এর নির্দেশনা আপডেট করা আবশ্যিক**

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইনে (S2209/A540) স্বাক্ষর করেছেন যা অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস-এর মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন সম্পর্কিত নির্দেশনা আপডেট করার ওপর জোর দিয়ে, সবচেয়ে বেশি ব্যবহৃত মাদকদ্রব্যগুলোর পাশাপাশি আসক্ত ব্যক্তিদের কী চিকিৎসা প্রদান করা হচ্ছে সে সম্পর্কে বাড়তি প্রতিবেদন জমা দেয়ার বিষয়টি আবশ্যিক করেছে। এছাড়াও স্টেটের সংশোধন ফ্যাসিলিটিগুলোর জন্য বার্ষিক প্রতিবেদন জমা দেয়া আবশ্যিক হবে।

"আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের পুনরুদ্ধার প্রক্রিয়ার মধ্য দিয়ে গমনের সময়ে আমাদের সাহায্য ও সহায়তা প্রয়োজন," বলেছেন গভর্নর হোকল। "এই আইনের ফলে, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা নিয়ে বসবাস করা কারারুদ্ধ ব্যক্তিদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো আমরা আরো ভালোভাবে অনুধাবন করতে সক্ষম হবো — যা আমাদের অপিয়য়েড সংকটের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ হাতিয়ার প্রদান করবে।"

এই আইন রিপোর্টের জন্য নির্দিষ্ট কিছু ডাটা পয়েন্ট অন্তর্ভুক্ত করবে, যেমন কারারুদ্ধ ব্যক্তির সাধারণভাবে কোন মাদকদ্রব্যগুলো ব্যবহার করছে, এসব মাদকদ্রব্যের জন্য লভ্য চিকিৎসাসমূহ, কতজন ব্যক্তি এমন চিকিৎসা গ্রহণ করছেন, কারারুদ্ধ থাকার কোন পর্যায়ে গিয়ে তারা চিকিৎসা গ্রহণ শুরু করেছিলেন, কতজন ব্যক্তি চিকিৎসা থেকে ডিসচার্জ হয়েছেন, ডিসচার্জ হওয়ার কারণ, ডিসচার্জ হওয়ার বিষয়টি ওষুধ ব্যবহার অথবা একাকী অবস্থায় কারারুদ্ধ থাকার সাথে সম্পর্কিত কিনা, ইত্যাদি। এই বিল অবিলম্বে কার্যকর হবে।

সিনেটর লুইস সেপালবেডা বলেন, "এই মাসে গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে মাদক-সংক্রান্ত ওভারডোজজনিত মৃত্যুর সংখ্যা কমানো এবং আসক্তির কারণে ভোগান্তিতে রয়েছেন এমন ব্যক্তিদের পুনরুদ্ধার প্রক্রিয়ার বিষয়ে তাদেরকে সাহায্য চাওয়ার জন্য উৎসাহিত করার লক্ষ্যে অপিয়য়েড বিলের একটি প্যাকেজে স্বাক্ষর করেছেন। আজ, গভর্নর হোকল আমার বিল, S2209-এ স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করেছেন যা অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস-এর জন্য মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সংশোধনমূলক চিকিৎসার জন্য এর নির্দেশনাবলী সেরা প্রচলনগুলোর সাথে সঙ্গতি রেখে আপডেট করাকে আবশ্যিক করেছে এবং কারারুদ্ধ ব্যক্তির সাধারণভাবে সবচেয়ে বেশি কোন মাদকদ্রব্যগুলোয় আসক্ত হয়ে থাকেন এবং তারা কী চিকিৎসা গ্রহণ করছেন সে সম্পর্কিত ডাটার বার্ষিক প্রতিবেদন জমা দেয়া আবশ্যিক করবে। এই ডাটার মধ্যে কারারুদ্ধ

ব্যক্তিদের সাধারণভাবে ব্যবহৃত মাদকদ্রব্যগুলোর উল্লেখ থাকবে। এটি আমাদেরকে কতজন ব্যক্তি চিকিৎসা গ্রহণ করছেন এবং স্টেট কিভাবে তাদেরকে কারারুদ্ধ অবস্থাতেই আরো ভালো সেবা প্রদান করতে পারে যাতে যখন তারা বাড়ি ফিরবেন তখন তারা মাদক বা অপিয়য়েড ব্যবহারে ফিরে না যান, এবং সমাজের অধিকতর উৎপাদনমুখী সদস্য হয়ে ওঠার জন্য তাদের আসক্তি নিরাময় করবেন বলে আশা করা যায়, সেটা বুঝতে সাহায্য করবে। শুধু বাইরেই নয়, বরং আমাদের কারেকশনাল ফ্যাসিলিটিগুলোর অভ্যন্তরেও অপিয়য়েড সংকট সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার অফিসের সঙ্গে মিলে এই আইনের জন্য অক্লান্তভাবে কাজ করে যাওয়ায় আমি অ্যাসেসম্বলি সদস্য লিন্ডা রোজেস্থালকে ধন্যবাদ জানাতে চাই। কারারুদ্ধ নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার গুরুত্ব অনুধাবন করায় আমি গভর্নর হোকলকেও সাধুবাদ জানাই।"

অ্যাসেসম্বলি সদস্য লিন্ডা বি. রোজেস্থাল বলেন, "কারারুদ্ধ ব্যক্তির আসলেই মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার জন্য তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য চিকিৎসা ও স্বাস্থ্যসেবা পাচ্ছেন সেটা নিশ্চিত করতে, এই নতুন আইন OASAS-এর জন্য একটি সমন্বিত তদারকি ও শক্তিশালী রিপোর্টিং প্রোগ্রাম বাস্তবায়ন করাকে আবশ্যিক করবে। মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা এমন একটি সমস্যা যা স্টেটের প্রতিটি কমিউনিটিকে ব্যাধিগ্রস্ত করে তুলেছে, এবং আমাদের কারাগার ও জেলখানাগুলোর চেয়ে অন্য কোথাও এটি অধিকতর স্পষ্ট হয়ে দেখা যায়নি যেখানে প্রায় 80% পর্যন্ত কারারুদ্ধ ব্যক্তি আসক্তির সঙ্গে লড়াই করছেন। কারাগার ও জেলখানায় থাকা ব্যক্তিদের জন্য ওষুধের সহায়তায় চিকিৎসাকে বাধ্যতামূলক করা নতুন আইনের সঙ্গী হওয়া এই পদক্ষেপের মধ্য দিয়ে, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার চিকিৎসার ক্ষেত্রে বর্তমান চাহিদাগুলো সম্পর্কে নিউ ইয়র্ক স্টেট বিস্তারিত প্রতিবেদন পাবে, যা আমাদেরকে প্রত্যেকের প্রয়োজন পূরণ হওয়া নিশ্চিত করতে প্রয়োজনীয় সংস্থানগুলো বরাদ্দ করার সুযোগ করে দেবে। মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার প্রমাণ-ভিত্তিক সমাধানের উপায়গুলো বাস্তবায়নকারী বিলগুলোকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418